



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/জেএসসি/২০২০/২৭৫৬

তারিখঃ ৩০/১১/২০২০ খ্রি.

বিষয়ঃ ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন/সংশোধনের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রস্তাবিত নিবন্ধনে (শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বয়স, ছবি, সেকশন, শিফট, মিডিয়াম ও জেডার) কোন ভুল থাকলে তা আগামী ১০/১২/২০২০ তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের ০৩ (তিন) জন শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধন এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনও পর্যন্ত নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারেনি তাদেরকে নির্ধারিত ফিসহ নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে অনুরোধ করা গেল। সংশোধিত নিবন্ধনের হার্ডকপি উক্ত কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্বাক্ষরসহ বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। উক্ত তারিখের পর নিবন্ধন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তার জন্য স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

বিঃদ্রঃ শিক্ষার্থীদের বয়সের তথ্য প্রদানের সময় অবশ্যই পিইসি এবং জন্ম নিবন্ধন সনদের সাথে মিল রেখে সঠিকভাবে সম্পাদন করতে হবে। অষ্টম শ্রেণিতে নিবন্ধনকৃত শিক্ষার্থীরাই কেবলমাত্র নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

প্রফেসর মোঃ আব্বাস উদ্দিন খান (৭২৩৭)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

30.11.2020

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত/অনুমতিপ্রাপ্ত
নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়।

বিতরণঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৩। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৫। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৭। সংরক্ষণ নথি